**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 10-01-2026** **Time: 1-40 P.M**

**<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>**

১/ আই-প্যাকের কর্ণধার প্রতীক জৈনের বাড়ি ও কার্যালয়ে তদন্তের কাজে বাধাদানের প্রেক্ষিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বিরুদ্ধে সুপ্রিম কোর্টে মামলা দায়ের করতে চলেছে ইডি। # ঘটনায় সুপ্রিম কোর্টে ক্যাভিয়েট দাখিল করেছে রাজ্য।

২/ ইডি-র হাত থেকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নথি ও ইলেকট্রনিক্স যন্ত্র ছিনিয়ে নেওয়ার বিষয়ে, রাজ্যপাল সিভি আনন্দ বোসের হস্তক্ষেপ চেয়েছে বিজেপি।

৩/ আসন্ন বিধানসভায় নির্বাচনে রাজ্যের ৭টি জেলায় ৬৯টি বহুতল আবাসনে ভোটগ্রহণ কেন্দ্র তৈরি করা হবে।

৪/ হিন্দমোটরের বন্ধ কারখানায় নাবালিকাকে গণধর্ষণের ঘটনায় ধৃতদের আজ আদালতে তোলা হয়েছে।

৫/ নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্যে দিয়ে স্বামী বিবেকানন্দের ১৬৪-তম জন্মতিথি উদযাপিত হচ্ছে।

******************************************************************

আইপ্যাক-এর কর্ণধার প্রতীক জৈনের বাড়ি ও কার্যালয়ে তাদের কাজে বাধাদানের পরিপ্রেক্ষিতে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বিরুদ্ধে আজই সুপ্রিম কোর্টে মামলা দায়ের করতে চলেছে ইডি। শনি ও রবি ছুটি থাকায় তারা দ্রুত শুনানির জন্যে অনলাইনে আবেদন জানাতে চলেছে। অন্যদিকে, রাজ্যের পক্ষ থেকেও সুপ্রিম কোর্টে অনলাইনে ‘ক্যাভিয়েট’ দাখিল করা হয়েছে বলে জানা যাচ্ছে।

উল্লেখ্য, এই ইস্যুতে ইডি কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হলেও চরম বিশৃঙ্খলার কারণে গতকাল সেই মামলার শুনানি হতে পারেনি। পরবর্তী শুনানি ১৪-ই জানুয়ারী হবে বলে বিচারপতি শুভ্রা ঘোষ জানিয়ে দেন।

পরে ইডি জরুরী ভিত্তিতে এই মামলার শুনানির জন্য প্রধান বিচারপতির কাছে মেল করে আবেদন জানালেও তিনি সেই আবেদনে সাড়া দেননি। তিনি জানিয়ে দেন, জুডিশিয়াল ওর্ডারে তিনি কোন হস্তক্ষেপ করবেন না।

এদিকে, এক অভূতপূর্ব ঘটনায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, আই প্যাকের কর্ণধার প্রতীক জৈন-এর বাড়ি ও দফতরে ইডি-র তল্লাশি চালানোর ব্যাপারে বিধাননগর ইলেক্ট্রনিক্স থানা এবং কলকাতার শেক্সপিয়ার থানায় ইডি-

র বিরুদ্ধে এফ আই আর দায়ের করেছেন। পুলিশও শেক্সপিয়ার সরণী থানায় ইডি-র বিরুদ্ধে আর একটি মামলা রুজু করেছে।

*************************************************************************

বিজেপি, ইডির হাত থেকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নথি ও ইলেকট্রনিক্স যন্ত্র নিয়ে চলে যাওয়ার ঘটনার প্রতিবাদে রাজ্যপাল সিভি আনন্দ বোসের হস্তক্ষেপ চেয়েছে। দলের রাজ্য কমিটির সদস্য শিশির বাজোরিয়া বলেন, মুখ্যমন্ত্রীর এই ধরনের কাজ গর্হিত ও অপরাধমূলক। এবিষয়ে বিজেপির এক প্রতিনিধি দল গতকাল রাজ্যপালের কাছে অভিযোগ জানান। ওই দলে ছিলেন প্রাক্তন সাংসদ লকেট চট্টোপাধ্যায়, মহিলা মোর্চার সভানেত্রী ফাল্গুনী পাত্র প্রমুখ।

এই ঘটনার প্রতিবাদে বিজেপি-র যুব মোর্চাও গতকাল ধর্মতলায় বিক্ষোভ দেখায়। সাংসদ সৌমিত্র খাঁ এবং যুব মোর্চার রাজ্য সভাপতি ইন্দ্রনীল খান কর্মসূচীতে যোগ দেন। সৌমিত্র খাঁ রাজ্যে ৩৫৫ ধারা জারির দাবি জানিয়েছেন। পাশাপাশি যেসস্ত পুলিশ আধিকারিক এই ঘটনায় যুক্ত তাদের বিরুদ্ধে পদক্ষেপ নেওয়ারও দাবি জানান তিনি।

এদিকে, বিজেপি সাংসদ রবিশঙ্কর প্রসাদ আইপ্যাকের অফিস ও বাড়িতে তল্লাশি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর এতো আতঙ্কিত হওয়ার কি কারণ ছিল, সেই প্রশ্ন তুলেছেন। নতুন দিল্লিতে দলীয় সদর দফতরে এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, কেন্দ্রীয় সংস্হা তাদের আইন অনুযায়ী এই তদন্ত চালাচ্ছিল।

*************************************************************************

আসন্ন বিধানসভা নির্বাচনে সাতটি জেলায় ৬৯টি বহুতল আবাসনে ভোট কেন্দ্র তৈরী করা হবে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গিয়েছে, এই সব আবাসনে ৩০০-র বেশি মানুষ বসবাস করেন।

তালিকা অনুযায়ী, দক্ষিণ কলকাতায় ২, উত্তর কলকাতায় ৮, দক্ষিণ ২৪ পরগনায় ২৫, উত্তর ২৪ পরগনায় ২২, হাওড়ায় ৪, পূর্ব বর্ধমানে ৩ এবং হুগলিতে ৫টি বহুতল আবাসনে ভোটকেন্দ্র হবে।

মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর জানিয়েছে, বহুতল আবাসনে বসবাসকারী ভোটারদের ভোটদানের সুবিধার্থেই সেখানে বুথ তৈরীর এই সিদ্ধান্ত। এতে দূরে গিয়ে ভোট দেওয়ার প্রবণতা কমবে এবং ভোটারদের অংশ গ্রহণ বাড়বে বলে আশা করা হচ্ছে। সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও আবাসন কর্তৃপক্ষের সঙ্গে সমন্বয় রেখে প্রয়োজনীয় পরিকাঠামো ও নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা হবে বলেও জানানো হয়েছে।

*************************************************************************

রাজ্য বিজেপির সভাপতি তথা রাজ্যসভার সাংসদ শমিক ভট্টাচার্য আজ কোচবিহার বিমানবন্দর পরিদর্শন করেন। বিমানবন্দরের আধিকারিকদের সঙ্গে কথা বলেন তিনি।

সম্প্রতি এক বিমান পরিষেবা প্রদানকারী সংস্থা থেকে জানিয়েছে, ৩১শে জানুয়ারির পর থেকে তারা আর কোচবিহার থেকে কলকাতা মাঝে নয় আসন বিশিষ্ট বিমান চালাবে না। এই পরিস্থিতিতে কোচবিহার বিমানবন্দর থেকে বিমান চলাচল অনিশ্চিত হয়ে পড়েছে।

এই প্রসঙ্গে শমীক ভট্টাচার্য বলেন, বিষয়টি নিয়ে তিনি সংশ্লিষ্ট মন্ত্রকের সঙ্গে কথা বলবেন। এই পরিষেবা চালু হয়েছিল, তিন বছরের জন্য। সময় অতিক্রান্ত হওয়ায় এই সমস্যা হয়েছে বলে তিনি জানান।

*********************************************************************

মৎস্যজীবীদের আন্দোলনে পুলিশের লাঠিচার্জ ও বিক্ষোভকারীদের গ্রেফতারের ঘটনাকে কেন্দ্র করে গতকাল উত্তেজনা ছড়ায় দক্ষিণ ২৪ পরগনার কুলতলীতে। আটক ডোঙা ফেরতের দাবিতে মৎস্যজীবীদের ওই বিক্ষোভ ঘিরে পরিস্থিতি সামাল দিতে কুলতীল ও মৈপীঠ কোস্টাল থানার পুলিশকে লাঠি চার্জ করতে হয়।

আন্দোলনের নেতৃত্বে থাকা মিলন দাস, লীনা খাঁড়া, সনাতন মণ্ডল, দুধকুমার সরদার ও প্রসেনজিৎ ভূঁইঞাকে গ্রেফতার করা হয়। যদিও রাতেই সকলকে ছেড়ে দেয় পুলিশ। মৎস্যজীবীরা অবশ্য জানিয়েছেন, দাবি না মানা হলে তাঁরা বৃহত্তর আন্দোলনের পথে হাঁটবেন।

আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, গতকাল লীনা খাঁড়ার নেতৃত্বে একদল মহিলা মৎস্যজীবী প্রথমে কুলতলী বিট অফিসের গেটের সামনে পৌঁছান। পরে ডোঙা ও ডিঙি নিয়ে সেখানে জড়ো হন পুরুষ ও মহিলা মিলিয়ে শতাধিক মৎস্যজীবী। শুরু হয় অবস্থান বিক্ষোভ। তাঁদের দাবি ছিল, আটক করা তিনটি ডোঙা অবিলম্বে ফেরত দিতে হবে। কিন্তু বিট অফিস কর্তৃপক্ষ সেই দাবিতে রাজি না হওয়ায় বিক্ষোভকারীরা আন্দোলন তুলতে অস্বীকার করেন। পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে বিকাল তিনটে নাগাদ কুলতলী থানা ও মৈপিঠ কোস্টাল থানার পুলিশ লাঠিচার্জ করে বিক্ষোভ সরিয়ে দেয়।

*********************************************************************

প্রখ্যাত সাঁওতালি কবি ও সাহিত্যিক সাধু রামচাদঁ মুর্মু নামাঙ্কিত ঝাড়গ্রাম বিশ্ববিদ্যালয়-এর নবমতম প্রতিষ্ঠা দিবস, গতকাল উদযাপিত হল।

এটিকে স্থানীয় কুর্মী, সাঁওতালী ও অন্যান্য আদিবাসী সম্প্রদায়ের মানুষের ভাষা, শিক্ষা, সংস্কৃতি চর্চার ও অগ্রগতির ক্ষেত্রে জেলার একমাত্র গুরুত্বপূর্ণ বিশ্ববিদ্যালয় বলে উল্লেখ করেন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য চন্দ্রদীপা ঘোষ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বনমন্ত্রী বিরঁবাহা হাসদা, রাজ্যের বিশেষ শিক্ষা সচিব জয়দীপ মুখার্জি সহ অন্যান্যরা। মন্ত্রী বিরবাহা হাঁসদা, এই বিশ্ববিদ্যালয়ের গুরুত্ব ও তাৎপর্যের কথা উল্লেখ করেন।

*********************************************************************

হুগলীর হিন্দমটরের বন্ধ কারখানার মধ্যে গতরাতে নাবালিকাকে গণধর্ষণের ঘটনায় অভিযুক্ত এক নাবালক সহ মোট ২ জনকে শ্রীরামপুর আদালতে তোলা হবে। তাদের বিরুদ্ধে পকসো আইনে মামলা রুজু করা হয়েছে। আরও ২ জনের খোঁজে তল্লাশি চলছে। আজ ওই নাবালিকার মেডিক্যাল পরীক্ষা করা হয়েছে।

পুলিশ সূত্রে জানা গেছে, গতকাল রাতে বন্ধুর সঙ্গে টিউশান পড়তে গিয়ে, শিক্ষক না থাকায় ঐ নাবালিকা, বন্ধুর সঙ্গে হিন্দমোটরের কারখানার মধ্যে যায়। সেখানেই দীপঙ্কর অধিকারী ওরফে সোনাই ও তার দুই বন্ধু তার ওপরে যৌন নির্যাতন ও ধর্ষণ করে বলে নির্যাতিতার অভিযোগ। পুলিশ দীপঙ্কর অধিকারী সহ দুই বন্ধুকে গ্রেফতার করে। আগেও দীপঙ্করের বিরুদ্ধে প্রতারণা সহ একাধিক অভিযোগ ছিল বলে পুলিশ জানিয়েছে।

******************************************************************

দক্ষিণ ২৪ পরগনার চম্পাহাটির হারালে এলাকায় বাজি কারখানায় বিস্ফোরণের ঘটনায় গুরুতর জখম হয়েছেন অন্তত চারজন। আজ সকালে হঠাৎ বিকট শব্দে কেঁপে ওঠে গোটা এলাকা। বিস্ফোরণের তীব্রতায় বাজি কারখানাটি সম্পূর্ণভাবে উড়ে যায় এবং আশপাশের বাড়িঘরেও ক্ষয়ক্ষতি হয় বলে স্থানীয় সূত্রে জানা গেছে। আগুন নিয়ন্ত্রণে আনার জন্য ঘটনাস্থলে পৌঁছোয় দমকল ও পুলিশ বাহিনী। ধ্বংসস্তূপ থেকে আহতদের স্থানীয় হাসপাতালে পাঠান হয়েছে। আহতদের অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে। পুরো এলাকা ঘিরে তদন্ত শুরু করেছে পুলিশ ।

******************************************************************

মুর্শিদাবাদের নবগ্রাম থেকে নিখোঁজ হয়ে যাওয়া এক যুবকের খোঁজ পেয়ে তাঁকে পরিবারের হাতে তুলে দিয়েছে পুলিশ। যুবকের নাম শরৎ মুর্মু। বাড়ি নবগ্রাম থানার দক্ষিণগ্রামে।

পুলিশ জানিয়েছে, মাস ছ'য়েক আগে ভিনরাজ্যে কাজ করতে যাওয়ার পথে ট্রেন থেকে নিখোঁজ হয়ে যান ওই যুবক। পরে জানা যায়, গত কয়েক মাস ধরে ওই যুবক ভগবানগোলা রেল স্টেশনের প্ল্যাটফর্মে থাকছিলেন। গতকাল তাঁকে পরিবারের কাছে ফিরিয়ে দেয় পুলিশ।

******************************************************************

তাপমাত্রার পারদ কিছুটা ওঠানামা করলেও সারা রাজ্যেই শীতের প্রকোপ বজায় রয়েছে। আজ পশ্চিম মেদিনীপুর জেলায় বিক্ষিপ্ত ভাবে শৈত্য প্রবাহের সতর্কতা রয়েছে। শীতল আবহাওয়া পরিস্থিতি রয়েছে মালদা জেলায়। দক্ষিণবঙ্গে আজ সবথেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় বাঁকুড়া জেলায় ৭.১ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে চার দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস। কল্যাণীতে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৭.৭ ডিগ্রি সেলসিয়াস।

এদিকে উত্তরবঙ্গের সমতলে সব থেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে মাঝিয়ান এবং পুন্ডিবাড়িতে ৮ ডিগ্রি সেলসিয়াস। সকালের দিকে কোচবিহার এবং জলপাইগুড়ি জেলায় ঘন এবং দার্জিলিং ও মালদা জেলায় হালকা কুয়াশা দেখা যায়।

আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানালেন-

******************************************************************

দার্জিলিং, কাশ্মীর এর মতই এবার পুরুলিয়ায় দেখা মিলেছে তুষারের। গত কয়েকদিনে ঝালদার বেগুনকোদর এবং বান্দোয়ানে দেখা গেছে বরফ। আজ ভোরেও বেগুনকোদরে খড়ের উপর তুষার কণা মিলেছে বলে আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন। একে বলা হচ্ছে ভূমি তুষার বা গ্রাউন্ড ফ্রস্ট বা ভূমি তুহিন।

বিশেষজ্ঞদের অভিমত, সংশ্লিষ্ট এলাকার বায়ুমণ্ডলে কিছুগুলি বিষয় এক হয়ে গেলে ‘গ্রাউণ্ড ফ্রস্ট বা ভূমি তুহিন’ দেখা যেতে পারে। সাধারণত পাহাড়ি এলাকায় এটি দেখা যায়। এছাড়া প্রয়োজন হয় বায়ু প্রবাহের গতি প্রায় স্তব্ধ থাকা, পরিস্কার মেঘমুক্ত আকাশ, শীতের দীর্ঘ রাত, ভূমি ভাগে আর্দ্রতা। এক্ষেত্রে সন্ধ্যের পর থেকে ভূমিভাগ লং ওয়েভ তাপ বিকিরন করে। এই সময় ডিউ পয়েন্ট তাপমাত্রা নেমে যায়। এর ফলে জলিয় বাস্প বা ভেপার থেকে ফ্রস্ট বা তুহিন দেখা যায়। যে পদ্ধতিতে এটি হয় তাকে বলা হয় উর্ধপাতন বা সাব লিমেশন। এখানে জলিয় বাস্প সরাসরি আইস ক্রিস্টলে পরিণত হয়।

*****************************************************************

নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ স্বামী বিবেকানন্দের ১৬৪-তম জন্মতিথি উদযাপিত হচ্ছে। উত্তর কলকাতার সিমলা স্ট্রিটে স্বামীজীর জন্ম ভিটেতে মঙ্গলারতির মধ্য দিয়ে সূচনা হয় এই জন্মতিথি উদযাপন। বিশেষ পূজাপাঠ, স্বামীজীর জীবন ও বাণী নিয়ে আলোচনা সহ দিনভর নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

স্বামীজীর জন্ম তিথি উপলক্ষে বেলুড় মঠেও আজ মঙ্গলারতি, বিশেষ পূজা পাঠ, বেদ পাঠ স্তব গান সহ নানা ধর্মীয় অনুষ্ঠান পালিত হবে। বহু ভক্ত স্বামীজীর বাড়ি ও বেলুড় মঠে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করবেন।

রামকৃষ্ণ মঠ ও মিশনের সব কেন্দ্রেই আজ নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে স্বামী বিবেকানন্দের জন্মতিথি উদযাপিত হবে।

উল্লেখ্য, আগামী সোমবার ১২ ই জানুয়ারি নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে স্বামীজীর জন্মদিন উদযাপিত হবে। দিনটি ‘জাতীয় যুব দিবস’ হিসেবেও পালিত হয়ে থাকে।

*****************************************************************